# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ৮৩৭

৭. মন গলানো সুমিষ্ট উপদেশমালা (كِتَابُ الرَّقَائِقِ)

পরিচ্ছেদঃ আমরা যেসব যিকর-আযকার উল্লেখ করলাম, সেসবের সাথে লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ বলা এমন সৎ কর্মের অন্তর্ভূক্ত যা পরকালে ও বহাল থাকবে

ذِكْرُ الْبَيَانِ بِأَنَّ الْكَلِمَاتِ الَّتِي ذَكَرْنَاهَا مَعَ التَّبَرِّي مِنَ الْحَوْلِ وَالْقُوَّةِ إِلَّا بِاللَّهِ مَعَ الباقيات الصالحات

---

আরবী

837 - أَخْبَرَنَا ابْنُ سَلْمٍ حَدَّثَنَا حَرْمَلَةُ حَدَّثَنَا ابْنُ وَهْبٍ أَخْبَرَنِي عَمْرُو بْنُ الْحَارِثِ عَنْ دَرَّاجٍ عَنْ أَبِي الْهَيْثَمِ عَنْ أَبِي سَعِيدٍ الْخُدْرِيِّ أَنَّ رسول الله صلى الله عليه وسلم قَالَ: (اسْتَكْثِرُوا مِنَ الْبَاقِيَاتِ الصَّالِحَاتِ) قِيلَ: وَمَا هُنَّ يَا رَسُولَ اللَّهِ؟ قَالَ: (التَّكْبِيرُ وَالتَّهْلِيلُ وَالتَّسْبِيحُ وَالْحَمْدُ لِلَّهِ وَلَا حَوْلَ وَلَا قُوَّةَ إلا بالله)

الراوي : أَبُو سَعِيدٍ الْخُدْرِيِّ المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 837 | خلاصة حكم المحدث: ضعيف.

বাংলা

৮৩৭. আবূ সা‘ঈদ খুদরী রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন, “তোমরা বেশি বেশি স্থায়ী সৎ আমল করবে। বলা হলো, “হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, সেগুলি কী?” জবাবে তিনি বলেন, “আল্লাহু আকবার, লা ইলাহা ইল্লাল্লাহ, সুবহানাল্লাহ, আলহামদু লিল্লাহ এবং লা হাওলা ওয়ালা কুওওয়াতা ইল্লা বিল্লাহ।”[1]

ফুটনোট

[1] আত তাবারানী: ১৫/২৫৫; হাকিম: ১/৫১২; সুয়ূতী, আদ দুর্রুল মানসূর: ৪/২২৪; মুসনাদ আহমাদ: ৩/৭৫।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী

রহিমাহুল্লাহ হাদীসটিকে য‘ঈফ বলেছেন। তবে ‘তোমরা বেশি বেশি স্থায়ী সৎ আমল করবে... অংশটুকু বাদে হাদীসটি সহীহ। (আস সহীহাহ: ৩২৬৪।)

হাদিসের মান: সহিহ/যঈফ [মিশ্রিত] পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ সা’ঈদ খুদরী (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89340

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন